গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

নং বিইআরসি/কমিশন সভা/প্রশা:২৪৮/২০১৭/ ৪৬৭৪

তারিখ: ২৩ আগস্ট ২০১৭

বিষয়: ১৫৮ তম কমিশন সভার কার্যবিবরণী।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ১৫৮ তম কমিশন সভা ২৩ আগস্ট, ২০১৭ তারিখ বুধবার সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান মনোয়ার ইসলাম সভায় সভাপতিত্বে করেন। সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিশনের সচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রমিক নং (সিএম) | আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১৫৮/১ | **আলোচ্য বিষয়:** ১৫৭তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।<br>**সিদ্ধান্ত :** ১৫৭তম কমিশন সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | |
| ১৫৮/২ | **আলোচ্য বিষয়:** ১৫৭তম কমিশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br>**সিদ্ধান্ত:** ১৫৭তম কমিশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা হয় এবং প্রক্রিয়াধীন/অবাস্তবায়িত কার্যক্রমসমূহ দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | সচিব এবং সংশ্লিষ্ট পরিচালকবৃন্দ |
| ১৫৮/৩ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ২০ (বিশ) টি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত :**<br>(ক) দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ১৯ (উনিশ) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৭৪০১কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল/গ্যাস ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ইস্যুর তারিখ হতে ৩ বছর মেয়াদে লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br>১. প্রোস্টার অ্যাপারেলস লিমিটেড [পটকা, কাপাসিয়া রোড, গোসিঙ্গা, শ্রীপুর, গাজীপুর] এর অনুকূলে ৮২০ কি:ও: [৫৫০ + ২৭০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>২. ডেনিম ফ্যাশনস লিমিটেড [আরএস: ৩৭০, সিএস: ৭২৭, সাতাইশ, টঙ্গী, গাজীপুর-১৭১২] এর অনুকূলে ২৬৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৩. বিবি ম্যাক্স প্রিন্টিং লিমিটেড [৭১/৫, রোড: ৩, ওয়ার্ড: ২, ব্লক: সি, শ্রীখন্ডিয়া, টঙ্গাবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪১] এর অনুকূলে ৫৬ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৪. ড্রেস আপ লিমিটেড [ধরেন্দ্র, দক্ষিণ কৃষ্ণপুর, বিরুলিয়া রোড, সাভার, ঢাকা] এর অনুকূলে ৩৩২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৫. ভেনেসা বাংলাদেশ লিমিটেড [১৮৮, বাইপাইল, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে ৪০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৬. শাইনিং এসোসিয়েটস [নয়ানগর, তুরাগ, ঢাকা-১২৩০] এর অনুকূলে ২৪ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>৭. র‍্যাডিয়্যান্ট ফার্মাসিউটিক্যালস লিমিটেড [বি-৪৬ এবং বি-৩৪, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, টঙ্গী, গাজীপুর-১৭১০, বাংলাদেশ] এর অনুকূলে ৯৯২ কি:ও: [৪২৪ + ৫৬৮] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>৮. জয়েন্ট্যাক্স নীট ওয়্যারস লিমিটেড [১৭ নং, সুজাতনগর, পল্লবী, মিরপুর-১২১৬, ঢাকা] এর অনুকূলে ২৯৬ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৯. ব্যাবিলন প্রিন্টার্স লিমিটেড [৬৭, কান্দি বয়লারপুর, হরিণধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা] এর অনুকূলে ২২১ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১০. ব্যান্ডো ইকো অ্যাপারেলস লিমিটেড [১৮৮/২, ব্লক: গ, চানপুর, আমিনবাজার, সাভার, ঢাকা] এর অনুকূলে ৪৪০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১১. গোল্ডেন রেইন এটায়ার্স লিমিটেড [বেড়াইদের চালা, শ্রীপুর, গাজীপুর-১৭৪০, বাংলাদেশ] এর অনুকূলে ২৪২ কি:ও: [১১০ + ৮৮ + ৪৪] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১২. জে এস কটন ইন্টারন্যাশনাল [১৬৭, শাসনগাও, এনায়েতনগর, ফতুল্লা, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ] এর অনুকূলে ১২০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১৩. সিএমএস গ্রাফিকস লিমিটেড [প্লট নং: ৩৬-৩৮, ব্লক: বি, আফতাব নগর, বাড্ডা, ঢাকা-১২১২] এর অনুকূলে ৮০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১৪. কালার ক্রিয়েশন [পাগাড়, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ৩৩০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>১৫. মেঘনা ড্রেসেস লিমিটেড [কেওয়া, শ্রীপুর, গাজীপুর] এর অনুকূলে ৪০০ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১৬. মাস্টার এক্সেসরিজ (প্রা:) লিমিটেড [মাস্টার কমপ্লেক্স, দক্ষিণ শিলমান্দি, নরসিংদী সদর, নরসিংদী-১৬০৩] এর অনুকূলে ৫৩২ কি:ও: [৪৪০ + ৯২] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১৭. জাহানারা আলামিন স্পিনিং মিলস লিমিটেড [উত্তর বক্তিয়ারপুর, কালিয়াকৈর, গাজীপুর] এর অনুকূলে ৯০০ কি:ও: (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা;<br>১৮. ফেবিয়ান ইন্ডাস্ট্রিজ লিমিটেড [প্লট নং: বি-১৮ (পার্ট), ব্লক: এ, বিসিক শিল্প এলাকা, সাগরিকা রোড, চট্টগ্রাম] এর অনুকূলে ৯৫২ কি:ও: (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা;<br>১৯. বে এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড [প্লট নং: এস. এ. ১৯৮১-১৯৮৯. তেলিরচালা, মৌজা: কচুয়া কুরি, পো: + ইউনিয়ন: মৌচাক, কালিয়াকৈর, গাজীপুর] এর অনুকূলে ৪০০ কি:ও: (গ্যাস ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা।<br>(খ) বিদ্যুৎ উৎপাদনের জন্য শালবাহন ফার্মস লিমিটেড (ইউনিট-২) [বহতি, শিয়ালকল, বাজার ভদ্রঘাট, সিরাজগঞ্জ] এর লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট প্রদানের আবেদনটি পুনরায় পরীক্ষাপূর্বক পরবর্তী সময়ে উপস্থাপন করতে হবে। | |
| ১৫৮/৪ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৭ (সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট অনুমোদন সম্পর্কে।<br>**সিদ্ধান্ত :** দাখিলকৃত আবেদন ও প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি যাচাই-বাছাই পূর্বক ফিস বাবদ নির্ধারিত টাকা পরিশোধ করায় নির্ধারিত শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ৭ (সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৪২২৫.৬ কি:ও: ক্ষমতাসম্পন্ন ডিজেল ভিত্তিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের জন্য ৩ বছর মেয়াদে সংশোধিত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের অনুমোদন প্রদান করা হয়:<br>১. এজাক্স সোয়েটার লিমিটেড [জিরাবো বাজার, আশুলিয়া, ইপিজেড রোড, সাভার, ঢাকা] এর অনুকূলে ৫২৮ কি:ও: [৮৮ + ৪৪০] এর পরিবর্তে ৮৮০ কি:ও: [৪৪০ + ৪৪০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৩,০০০/- (তিন হাজার) টাকা, মেয়াদ: ০৯/০১/২০১৭ হতে ০৮/০১/২০২০;<br>২. ফ্যাশনইট কোম্পানী লিমিটেড [হাজী হামিদুল্লাহ ম্যানশন, জামগড়া আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯] এর অনুকূলে ৮০০ কি:ও: এর পরিবর্তে ৯৩০ কি:ও: [৬৮০ + ২৫০] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ১৮/১০/২০১৬ হতে ১৭/১০/২০১৯;<br>৩. ব্রিটানিয়া লেবেল বিডি লিমিটেড [জায়গির, দল্লাহ বাজার, সিংগাইর, মানিকগঞ্জ] এর অনুকূলে ২৭৬ কি:ও: [১০০ + ১৭৬] হতে ৪৪০ কি:ও: বৃদ্ধিপূর্বক ৭১৬ কি:ও: [৪৪০ + ১০০ + ১৭৬] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৬,০০০/- (ছয় হাজার) টাকা, মেয়াদ: ২৫/০৭/২০১৬ হতে ২৪/০৭/২০২০; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | ৪. আল মদিনা ফার্মাসিউটিক্যালস লিমিটেড [১/১, তিলের গাতি, কাকিল, সাতাইশ, টঙ্গী, গাজীপুর] এর অনুকূলে ২৫০ কি:ও: (গ্যাস ভিত্তিক) হতে ৫৬০ কি:ও: (ডিজেল ভিত্তিক) বৃদ্ধিপূর্বক ৮১০ কি:ও: [২৫০ (গ্যাস) + ৫৬০ (ডিজেল)], ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ০২/০৯/২০১৬ হতে ০১/০৯/২০১৯;<br><br>৫. এসটুএল ফ্যাশনস (প্রা:) লিমিটেড [শরীফপুর (মালেকের বাড়ি), গাজীপুর সদর, গাজীপুর] এর অনুকূলে ৬৮৩ কি:ও: [২৬৪+ ৩২৩ + ৯৬] এর পরিবর্তে ৪১৬ কি:ও: [৩২০ + ৯৬] (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, মেয়াদ: ২৫/০৩/২০১৭ হতে ২৪/০৩/২০২০;<br><br>৬. ইউনিকর্ণ সোয়েটারস লিমিটেড [বেরন, ইয়ারপুর ইউনিয়ন, আশুলিয়া, সাভার, ঢাকা] এর অনুকূলে বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে ঠিকানা পরিবর্তনপূর্বক ইউনিসেন্স অ্যাপারেলস লিমিটেড [গোরাট, নাভানা ভিলেজ, আশুলিয়া, সাভার, ঢাকা] এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৪০০ কি:ও: এর পরিবর্তে ৩৫২ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ২৪/০৮/২০১৬ হতে ২৩/০৮/২০১৯;<br><br>৭. ইউনিসেন্স অ্যাপারেলস লিমিটেড [অনিক প্লাজা (৮ম ও ৯ম তলা), প্লট নং: ১৫৫, রোড নং: ০১, ব্লক: এ, সেকশন: ১২, মিরপুর, ঢাকা-১২১৬] এর অনুকূলে ১২১.৬ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট) বিদ্যুৎ উৎপাদনের জন্য বিদ্যমান লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটে ঠিকানা পরিবর্তনপূর্বক ইউনিসেন্স অ্যাপারেলস লিমিটেড [বেড়াইদের চালা, শ্রীপুর, গাজীপুর] এর অনুকূলে ১২১.৬ কি:ও: (ডিজেল ভিত্তিক, চালু প্ল্যান্ট), ফিস: ৪,০০০/- (চার হাজার) টাকা, মেয়াদ: ০৯/১২/২০১৬ হতে ০৮/১২/২০১৯। | |
| ১৫৮/৫ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে বিদ্যমান দুইটি লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটের একটি বাতিলের অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** হাক্কানী পেপার এন্ড বোর্ড মিলস (প্রা:) লিমিটেড কর্তৃক গ্যাস ভিত্তিক ৭৫০ কি:ও: বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে ২১/০৭/২০১১ তারিখে একটি লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট (এলডব্লিউসি-০৮৮৫) প্রদান করা হয়, যার মেয়াদ ২০/০৭/২০১২ তারিখে উত্তীর্ণ হয়। প্রতিষ্ঠানটি উক্ত সার্টিফিকেট গ্রহণ কিংবা এর মেয়াদ বৃদ্ধির কোন উদ্যোগ গ্রহণ করেনি। পরবর্তীতে একই লোকেশনে অবস্থিত একই জেনারেটরের জন্য প্রতিষ্ঠানটি ০৫/১০/২০১৬ তারিখে পৃথক আরেকটি আবেদন দাখিল করে, সে প্রেক্ষিতে ১১/০৪/২০১৭ তারিখে প্রতিষ্ঠানটির অনুকূলে পৃথক আরেকটি লাইসেন্স ওয়েভার সার্টিফিকেট (এলডব্লিউসি-১৯১৪) প্রদান করা হয়, যার মেয়াদ ১০/০৪/২০২০ তারিখে উত্তীর্ণ হবে।<br><br>প্রতিষ্ঠানটি তাদের ২০১১ সালে ইস্যুকৃত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটি ২১/০৭/২০১৭ হতে ২০/০৭/২০১৭ মেয়াদে নবায়নের জন্য নবায়ন ফিস বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং একই সাথে সার্টিফিকেটটি বাতিলের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকার পে-অর্ডারসহ কমিশন বরাবর আবেদন দাখিল করেছে।<br><br>**সিদ্ধান্ত:** হাক্কানী পেপার এন্ড বোর্ড মিলস (প্রা:) লিমিটেড [চর খিদিরপুর, বোয়ালখালী, চট্টগ্রাম] এর অনুকূলে ৭৫০ কি:ও: (গ্যাস ভিত্তিক) বিদ্যুৎ উৎপাদনের নিমিত্তে ২০১৭ সালে প্রদত্ত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটি (এলডব্লিউসি-১৯১৪) বহাল রেখে ২০১১ সালে প্রদত্ত লাইসেন্স ওয়েভার সার্টিফিকেটটি (এলডব্লিউসি-০৮০৪) বাতিলের প্রস্তাব অনুমোদন করা হয়। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৮/৬ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ৪(চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** লাইসেন্স ফিস এর জন্য অঙ্গিকারনামা দাখিল ও নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির ১ (এক) বছর মেয়াদে নিম্নোক্ত ৪ (চার) টি প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৭.৯৩৩৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. ওয়াই কে কে বাংলাদেশ প্রাইভেট লিমিটেড, প্লটঃ ৬-১৬ (এক্সটেনশন এরিয়া), ঢাকা এক্সপোর্ট প্রসেসিং জোন, আশুলিয়া, ঢাকা-১৩৪৯;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থান: প্লট: ৬-১৬ (এক্সটেনশন এরিয়া), ঢাকা এক্সপোর্ট প্রসেসিং জোন, আশুলিয়া, ঢাকা-১৩৪৯; | পরিচালক (বিদ্যুৎ) |

| | | |
|---|---|---|
| | বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৩.৭৪৯৬ মেগাওয়াট [ ১২০০ কি.ও. (ডিজেল) X ২ + ৪০০ কি.ও. (ডিজেল) X ৩ + ৮৮ কি.ও. (ডিজেল) + ৬১.৬ কি.ও. (ডিজেল)] ।<br><br>২. এসজি উইকাস (বিডি) লিমিটেড, প্লটঃ ৭৩, ৭৭-৮০, ঢাকা এক্সপোর্ট প্রসেসিং জোন, গণকবাড়ি, সাভার, ঢাকা-১৩৪৯;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লটঃ ৭৩, ৭৭-৮০, ঢাকা এক্সপোর্ট প্রসেসিং জোন, গণকবাড়ি, সাভার, ঢাকা-১৩৪৯;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৬৫৬ মেগাওয়াট [৫৫২ কি.ও. (ডিজেল) X ৩] ।<br><br>৩. স্টারলিং স্টাইলস লিমিটেড, বেরুন, এয়ারপুর ইউনিয়ন, আশুলিয়া, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ বেরুন, এয়ারপুর ইউনিয়ন, আশুলিয়া, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.৪০৮ মেগাওয়াট [৬৮০ কি.ও. (ডিজেল) + ৬৪০ কি.ও. (ডিজেল) + ৮৮ কি.ও. (ডিজেল)] ।<br><br>৪. এসকেএফ ফার্মাসিউটিক্যালস লিমিটেড, মোড়াপাড়া, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ-১৪৬৪;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ মোড়াপাড়া, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ-১৪৬৪;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ১.১২ মেগাওয়াট [ ১১২০ কি.ও. (ডিজেল) X ১ ] । | |
| ১৫৮/৭ | **আলোচ্য বিষয়:** বিদ্যুৎ উৎপাদনের জন্য ১(এক)টি প্রতিষ্ঠানের অনুকূলে ক্যাপটিভ পাওয়ার প্লান্ট (সিপিপি) ক্যাটাগরির সংশোধিত লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** নির্ধারিত শর্ত সাপেক্ষে ক্যাপটিভ পাওয়ার প্ল্যান্ট ক্যাটাগরির নিম্নোক্ত ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে ৪.১৪ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য সংশোধিত লাইসেন্স লাইসেন্স অনুমোদন করা হয়।<br><br>১. সাউথ চায়না ব্লিচিং এন্ড ডায়িং ফ্যাক্টরি লিমিটেড, প্লট: ৯৩-৯৬, ৯৮-১০০, ১০৯-১১২, ঢাকা এক্সপোর্ট প্রসেসিং জোন, গণকবাড়ি, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের অবস্থানঃ প্লটঃ ৯৩-৯৬, ৯৮-১০০, ১০৯-১১২, ঢাকা এক্সপোর্ট প্রসেসিং জোন, গণকবাড়ি, সাভার, ঢাকা;<br>বিদ্যুৎ উৎপাদন ক্ষমতাঃ ৪.১৪ মেগাওয়াট [৭০০ কি.ও. (গ্যাস) X ৩ + ৮০০ কিঃওঃ (ডিজেল) X ২ + ৪৪০ কিঃওঃ (ডিজেল) X ১]। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৮/৮ | **আলোচ্য বিষয়:** নর্থওয়েস্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ১২/২/২০১৭ হতে ১১/২/২০১৮ মেয়াদে লাইসেন্স নবায়ন ফিস এর সমপরিমাণ আরোপিত বিলম্ব ফিস ও ১২/২/২০১০ হতে ১১/২/২০১৬ মেয়াদে লাইসেন্স ফিস মওকুফকরণ সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** নর্থওয়েস্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ১২/২/২০১৭ হতে ১১/২/২০১৮ মেয়াদে লাইসেন্স নবায়ন ফিস এর সমপরিমাণ আরোপিত বিলম্ব ফিস ও ১২/২/২০১০ হতে ১১/২/২০১৬ মেয়াদে লাইসেন্স ফিস মওকুফকরার সুয়োগ নেই মর্মে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ১৫৮/৯ | **আলোচ্য বিষয়:** প্রিমিয়ার এলপি গ্যাস লি: এর অনুকূলে প্রদত্ত লাইসেন্স এর ক্যাপাসিটি সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** প্রিমিয়ার এলপি গ্যাস লি: (কুমিরা, সীতাকুন্ড, চট্রগ্রাম) -এর অনুকূলে প্রদত্ত লাইসেন্সের এলপি গ্যাস মজুদকরণ, বিপণন/বিতরণের বার্ষিক ক্ষমতা ৫০,০০,০০০ লিটার (৫,০০০ মেট্রিক টন) হতে ৫০,০০০ মেট্রিক টনে বৃদ্ধিপূর্বক লাইসেন্সটি সংশোধনের অনুমোদন প্রদান করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৫৮/১০ | **আলোচ্য বিষয়:** কালুরঘাট সিএনজি ফিলিং এন্ড কনভার্শন লি: এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে এবং লাইসেন্স ফিস দাখিল করায় 'কালুরঘাট সিএনজি ফিলিং এন্ড কনভার্শন লি:' (চট্রগ্রাম-কক্সবাজার মহাসড়ক, মোহরা, কাজিরহাট, চান্দগাও, চট্রগ্রাম)-এর অনুকূলে সিএনজি মজুদকরণ ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন করা হয়। বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |

| | | |
|---|---|---|
| ১৫৮/১১ | আলোচ্য বিষয়: এলপিজি মজুদকরণ, বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের হালনাগাদ লাইসেন্স ফরম, চেকলিস্ট, লাইসেন্স সংশোধনের জন্য আবেদনপত্র, সংশোধন ফরম ও লাইসেন্স নবায়ন আবেদনপত্র অনুমোদন সম্পর্কে।<br><br>সিদ্ধান্ত:<br>(ক) সভায় উপস্থাপিত এলপিজি মজুদকরণ, বোতলজাতকরণ, বিতরণ ও বিপণনের হালনাগাদ লাইসেন্স ফরম, চেকলিস্ট, লাইসেন্স সংশোধনের জন্য আবেদনপত্র, সংশোধন ফরম ও লাইসেন্স নবায়ন আবেদনপত্র অনুমোদন প্রদান করা হয় (পরিশিষ্ট-খ);<br><br>(খ) বর্ণিত আবেদন ফরম ও চেকলিস্ট প্রণয়নের জন্য গ্যাস শাখার সংশ্লিষ্ট সকলকে কমিশনের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | পরিচালক (গ্যাস) |
| ১৫৮/১২ | আলোচ্য বিষয়: পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স প্রদান ও পরবর্তীতে উন্মুক্ত সভায় উপস্থাপনের মাধ্যমে লাইসেন্স প্রদানের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে ও লাইসেন্স ফিস পরিশোধ করার শর্তে নিম্নবর্ণিত ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/উৎপাদন/মজুদকরণ/বিপণন/বিতরণের জন্য লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করা হয় এবং বিষয়টি পরবর্তী উন্মুক্ত সভায় উপস্থাপন করতে হবে।<br><br>১. মনিকো লিমিটেড ,১৮৩ পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৯;<br>প্রকার: মজুদকরণ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ আলীসারকুল, থানাঃ শ্রীমঙ্গল, জেলাঃ মৌলভীবাজার;<br>বার্ষিক চাহিদা: Bitumen (60/70): 20,000 M.T, Bitumen (80/100): 10,000 M.T, Bitumen (20/30): 5,000 M.T, Bitumen (10/20): 1,000 M.T, Bitumen (90/15): 1,000 M.T;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>সংশোধন ফিসঃ ৫,০০০/- টাকা;<br>মেয়াদ: ৩১/০৪/২০১৬ হতে ৩০/০১/২০১৮ পর্যন্ত।<br><br>২. মাহমুদা হাই কেমি লিমিটেড ,বাড়ি # ১১, রোড # ১৭, ব্লক # ডি, বনানী, ঢাকা-১২১৩;<br>প্রকার: মজুদকরণ ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ রাথুরা, উপজেলাঃ কালীগঞ্জ, জেলাঃগাজীপুর;<br>বার্ষিক চাহিদা: Paraffin Wax: 550 M.T, Dimethyl Sulphate: 95 M.T, Petroleum Jelly: 450 M.T, Triethanolamine: 150 M.T, Monoethanolamine: 15 M.T, Stearic Acid: 680 M.T, Acitic Acid: 45 M.T, Aminoethylethanolamine: 54 M.T, Diethylenetriamine: 18 M.T, Emulsifier ALCS 100: 80 M.T; Total: 2,137 M.T;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর।<br><br>৩. সুপার পেট্রোকেমিক্যাল (প্রাঃ) লি:[টি.কে ভবন (৬ষ্ঠ তলা), ১৩, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫;<br>প্রকার: প্রক্রিয়াকরণ/উৎপাদন, মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ ডেঙ্গারচর, উপজেলাঃ পটিয়া, জেলাঃ চট্টগ্রাম;<br>বার্ষিক চাহিদা: Condensate: 2,00,000 M.T, Naptha: 65,000 M.T, Octane Booster: 2,000 M.T, Gasoline Premiun: 1,50,000 M.T, Diesel: 1,32,000 M.T, Xylene: 6,000 M.T, Tolune: 6,000 M.T, Hydrocarbon Solvent: 8,000 M.T;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে);<br>মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | ৪. সুমাত্রা ফিলিং স্টেশন, ২৭৯/৩-জি, মানিকদি, ঢাকা ক্যান্টমেন্ট, ঢাকা-১২০৬;<br>প্রকার: মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগারের ঠিকানা: মৌজাঃ জোয়ারসাহারা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা;<br>বার্ষিক চাহিদা: Diesel: 34,00,000 Liter, Octane: 36,00,000 Liter, Engine Oil& Gear Oil(5W40,10W30/40,15W40, 20W50, HD-50, CVT): 500 M.T.; Automatic Transmission Fluid (3/4/5, DEX II/III): 50 M.T; Brake Fluid (DOT3/4/5): 50 M.T; Heat Transfer Oil & Knitting Oil (22,32,46,0W50, 5W50): 10M.T; Hydraulic Fluid (ISO VG 32/46/68/100/150/220/320/460): 100 M.T; Grease (MP2/3,EP2/3, NLGI 2/3): 100 M.T; Compressor Oil (ISO VG-32/46/68/100/150): 10 M.T; Flush Oil: 10 M.T; Car Shampoo: 10 M.T; Water wax: 10 M.T.; Washing Fluid: 10 M.T; Multipurpose Cleaner: 10 M.T; Car Polish: 10 M.T<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা;<br>বিপণন/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ: প্রথম ইস্যু তারিখ হতে ১ (এক) বছর। | |
| ১৫৮/১৩ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ, মজুদকরণ এবং বিপণন/বিতরণের জন্য কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাসকরণের লক্ষ্যে ৬ (ছয়) টি প্রতিষ্ঠানের অনুকূলে বাই-সার্কুলেশনে প্রদত্ত সাময়িক লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত:** পেট্রোলিয়ামজাত প্রক্রিয়াকরণ, মজুদকরণ এবং বিপণন/বিতরণের জন্য কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাসকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত ৬ (ছয়) টি প্রতিষ্ঠানের অনুকূরে বাই-সার্কুলেশনে প্রদত্ত লাইসেন্সের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়:<br><br>১.ইনডিপেনডেন্ট পেট্রোলিয়াম কোম্পানী, হাউজ-৯৩৬ (ফ্ল্যাট-এ), রোড-১৩, এভিনিউ-২, ডিওএইচএস, মিরপুর, ঢাকা-১২১৬;<br>প্রকার :প্রক্রিয়াকরণ, মজুদকরণ;<br>মজুদাগারের ঠিকানা :মৌজাঃ শামতা, উপজেলাঃ শারসা, যশোর;<br>বার্ষিক চাহিদা :Base Oil: BS-150/N-150/N-500/SN-500):157.761 M.T;<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ৬০,০০০/- (ষাট হাজার) টাকা।<br>বিপণণ/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ :ইস্যু তারিখ হতে ০৩ মাস (তিন)।<br><br>২. জিরাস ইন্টারন্যাশনাল [১৮৪/৫ পূর্ব গোড়ান, ঢাকা-১২১৯]<br>প্রকার :মজুদকরণ এবং বিপণন/বিতরণ<br>মজুদাগারের ঠিকানা :হাউজ নং-১০৬, ব্লক-এ, ওয়ার্ড নং-০৮, পোঃ বাদালদী, তুরাগ, ঢাকা<br>চাহিদা:লুব্রিকেটিং অয়েলঃ ১২,৪৮৮ লিটার<br>লাইসেন্স ফিস সমজুদকরণ ফি : ১৫,০০০/- (পনের হাজার) টাকা।<br>বিপণণ/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে)।<br>মেয়াদ :ইস্যু তারিখ হতে ০৩ মাস (তিন)<br><br>৩. ড্রাগ ইন্টারন্যাশনাল লি: ,১৭ গ্রীন রোড, ঢাকা-১২০৫;<br>প্রকার :মজুদকরণ:<br>মজুদাগারের ঠিকানা : মৌজাঃ আউচপাড়া, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর;<br>চাহিদা: Glycerin: 70,000 kg, Isopropyl Alcohol: 40,000 kg, Polyethylene Glycol (PEG-400/6000/3350): 8,500 kg, Sodium Lauryl Sulphate: 1,500 kg, Yellow Bees Wax:1,500 kg, Ethanol: 1,000 liter, Polyvinyl Alcohol: 25 kg, Tetrafluroethane (HFA 134a): 5,000 kg, Triethanolamine: 150 kg, Benzyl Alcohol: 50 Kg, Acetic acid: 20 Liter, Microcystalline Wax: 1,200 kg, Light Liquid Paraffin: 15 M.T., White Soft Paraffin: 10 M.T.<br>লাইসেন্স ফিস: মজুদকরণ: ৬০,০০০/- (ষাট হাজার) টাকা;<br>মেয়াদ : ০৭/০৫/২০১৭ হতে ০৬/১১/২০১৭ পর্যন্ত। | পরিচালক (পেট্রোলিয়াম) |

| | | |
|---|---|---|
| | ৪. কেডিএস এক্সেসরিজ লিঃ (ইউনিট-২), হাউজ-৬৩, রোড-০৪, ব্লক-সি, বনানী, ঢাকা;<br>প্রকার :মজুদকরণ;<br>মজুদাগারের ঠিকানা :[মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর;<br>চাহিদা: Cleaning Agent & MC Water: 2,280 Kg & Heat Transfer Oil, Grease, Gear Oil: 104 Kg.;<br>মজুদকরণকরণ ফি: ১৫,০০০/- (পনের হাজার) টাকা;<br>মেয়াদ :২৭/০৭/২০১৭ হতে ২৬/১০/২০১৭ পর্যন্ত।<br><br>৫. Sheng Tseng Enterprise Co. Ltd. Plot No.51-54, Sector # 02, Karnaphuli Export Processing Zone, North Patenga, Chittagong-4204;<br>প্রকার :মজুদকরণ;<br>মজুদাগারের ঠিকানা : প্লট নং-৫১-৫৪, কর্ণফুলী এক্সপোর্ট প্রসেসিং জোন, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম<br>চাহিদা: এমইকেপিওঃ ২,৪০০ কেজি;<br>লাইসেন্স ফিস মজুদকরণ ফিস : ১৫,০০০/- (পনের হাজার) টাকা;<br>মেয়াদ :ইস্যুর তারিখ হতে ৩(তিন) মাস;<br><br>৬. কোয়ালিটি পার্ক লিমিটেড, ইসলাম এষ্টেট (৩য় তলা), ৫৫/১ পুরানা পল্টন, ঢাকা-১০০০;<br>প্রকার :মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগারের ঠিকানা : ডেমরা, ঢাকা;<br>চাহিদা: বিটুমিনঃ ২৯৪.০৩ মেঃটন;<br>লাইসেন্স ফিসঃ মজুদকরণ: ১,০০,০০০ (এক লক্ষ) টাকা;<br>বিপণণ/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ : ইস্যু তারিখ হতে ৩ (তিন) মাস। | |
| ১৫৮/১৪ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য ১ (এক) টি প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণের জন্য নিম্নবর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে সাময়িক লাইসেন্স অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. বানকো এনার্জি জেনারেশন লিঃ, ওয়ালসো টাওয়ার (২১তলা), ২১ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০;<br>প্রকার :মজুদকরণ;<br>মজুদাগারের ঠিকানা : তিলারদি, কমলাঘাট, মিরকাদিম, মুন্সীগঞ্জ;<br>চাহিদা: ফার্ণেস অয়েলঃ ৫৭,৪৬৫ মেঃটন;<br>লাইসেন্স ফিসঃ মজুদকরণ: ১,০০,০০০ (এক লক্ষ) টাকা;<br>বিপণণ/বিতরণ ফিস: প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে;<br>মেয়াদ : ইস্যু তারিখ হতে ৩ (তিন) মাস। | পরিচালক (পেট্রোলিয়াম) |
| ১৫৮/১৫ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন সম্পর্কে।<br><br>**সিদ্ধান্ত :** পেট্রোলিয়ামজাত পদার্থ প্রক্রিয়াকরণ/মজুদকরণ/বিপণন/বিতরণ এর জন্য নিম্নবর্ণিত ৪ (চার)টি প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত লাইসেন্স সংশোধনের অনুমোদন করা হয়:<br><br>১. অর্গানোসিস , ঢাকা ট্যানারি (২য় তলা), কক্ষ নং-৪৬-৪৭, ১২৪ হাজারীবাগ, ঢাকা-১২০৯;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগার: মৌজাঃনতুন সোনাকান্দা, কেরানিগঞ্জ, ঢাকা;<br>চাহিদাঃ Industrial Oil: 150 M.T, Motor Engine Oil: 90 M.T, Grease: 30 M.T, Paraffin Wax: 500 M.T, Petroleum Jelly: 100 M.T, Transformer Oil: 200 M.T<br>মেয়াদঃ ০৮/০৭/২০১২ হতে ০৭/০৭/২০১৮<br>বার্ষিক লাইসেন্স নবায়ন ফিস, জরিমানা এবং সংশোধন ফিস: ৬,১০,০০০/- টাকা। | |

| | | | |
|---|---|---|---|
| | ২. বাশার জেনারেল ষ্টোর, [১১০ বংশাল রোড (২য় তলা), ঢাকা-১১০০;<br>প্রকারঃ মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগার: সুখবাসপুর, তিনশিরি, মুন্সিগঞ্জ সদর, মুন্সীগঞ্জ;<br>চাহিদাঃ লিকুইড প্যারাফিনঃ ৩৮৮ মেঃটন এবং প্যারাফিন ওয়াক্সঃ ৩০০ মেঃটন এবং পেট্রোলিয়াম জেলীঃ ৮৯ মেঃটন;<br>মেয়াদঃ ২৪/০৪/২০১৭ হতে ২৩/০৪/২০১৯ পর্যন্ত<br>সংশোধন ফিস: ৫,০০০/- টাকা।<br><br>৩. বাংলা ট্র্যাক কমিউনিকেশনস্ লিঃ [প্লট # ৬৮ (পুরাতন ৪৫), ব্লক-এইচ, রোড-১১, বনানী, ঢাকা]<br>প্রকারঃ পরিবহন এবং বিতরণ;<br>মজুদাগার: ওমেরা ফুয়েলস লিঃ, মৌজাঃ পূর্ব পতেঙ্গা, থানাঃ বন্দর, জেলাঃ চট্টগ্রাম;<br>চাহিদাঃ Furnace Oil: 1,25,000 M.T.<br>লাইসেন্স ফিস: বিতরণ ফিসঃ ৫,০০,০০০/- (অবশিষ্ট);<br>সংশোধন ফিসঃ ৫,০০০/- (পাচ হাজার) টাকা;<br>মেয়াদঃ ০১/০৯/২০১৭ হতে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত।<br><br>৪. ওরিয়েন্টাল অয়েল কোম্পানী লিঃ, দি এলায়েন্স বিল্ডিং, ৬৩/এ প্রগ্রতি সরণি, শাহাজাদপুর, বারিধারা, গুলশান, ঢাকা-১২১২;<br>প্রকারঃ প্রক্রিয়াকরণ, মজুদকরণ এবং বিপণন/বিতরণ;<br>মজুদাগার: মৌজাঃ ১২৬, শামতা,শার্শা, যশোর;<br>বার্ষিক চাহিদাঃ বেজ অয়েলঃ ১০,৫০০ মেঃটন, এডিটিভসঃ ৭০০ মেঃটন এবং উৎপাদিত পেট্রোলিয়ামজাত পদার্থ লুব্রিকেটিং অয়েলঃ ১২,০০০ মেঃটন;<br>সংশোধন ফিস: - ৫,০০০/- টাকা।;<br>লাইসেন্স ফিস: মজুদকরণ ফিস ও বিপণন/বিতরণ ফিস: (প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি সাপেক্ষে);<br>মেয়াদঃ ১৬/১১/২০১৫ হতে ১৫/১১/২০১৭। | |
| ১৫৮/১৬ | **আলোচ্য বিষয়:** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের লাইসেন্সের জন্য আবেদনকারী ২টি প্রতিষ্ঠানের আবেদন নথিভুক্তকরণের অনুমোদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** মেসার্স সোনালী প্রোডাক্টস ৩০/০৬/২০০৮ তারিখে সর্বপ্রথম পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপণন/বিতরণের লাইসেন্সের জন্য কমিশনে আবেদনের প্রেক্ষিতে ১১/০১/২০১০ তারিখে ঘাটতি তথ্যাদি এবং লাইসেন্স ফিস দাখিলের জন্য পত্র প্রেরণ করা হলেও তা দাখিল করেনি। প্রতিষ্ঠানটি একই নামে ০৩/০১/২০১৬ তারিখে আরেকটি নতুন আবেদন দাখিল করে এবং কমিশনের অনুসৃত রীতি অনুসরণ করে ১৪/০১/২০১৬ হতে ১৩/০১/২০১৮ পর্যন্ত ২ (দুই) বছর মেয়াদে প্রতিষ্ঠানটির অনুকূলে লাইসেন্স প্রদান করা হয়।<br><br>তিতাস এন্টারপ্রাইজ ৩০/০৬/২০০৮ তারিখে পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ এবং বিপণন/বিতরণের লাইসেন্সের জন্য কমিশনে আবেদনের প্রেক্ষিতে ১১/০১/২০১০ তারিখে ঘাটতি তথ্যাদি এবং লাইসেন্স ফিস দাখিলের জন্য পত্র প্রেরণ করা হলেও তা দাখিল করেনি। প্রতিষ্ঠানটি একই নামে ২৭/০৩/২০১৬ তারিখে আরেকটি নতুন আবেদন দাখিল করেছে এবং কমিশনের অনুসৃত রীতি অনুসরণ করে ২১/০৭/২০১৬ তারিখে ২১/০৭/২০১৬ হতে ২০/০৭/২০১৭ পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে সাময়িক লাইসেন্স প্রদান করা হয়।<br><br>আবেদন অনুযায়ী দুইটি প্রতিষ্ঠানের অনুকূলে যথাযথ প্রক্রিয়ায় লাইসেন্স প্রদান করায় উক্ত প্রতিষ্ঠান দুটির প্রথম আবেদন নথিভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত :** পেট্রোলিয়ামজাত পদার্থ মজুদকরণ/বিপণন/বিতরণের লাইসেন্সের জন্য নিম্নবর্ণিত ২টি প্রতিষ্ঠানের আবেদন নথিভুক্তকরণের অনুমোদন প্রদান করা হয়:<br><br>১. মেসার্স সোনালী প্রোডাক্টস, বাড়ি নং-১২, রোড নং-০৫, দক্ষিন ভাওয়ারভিটি, দক্ষিন কেরাণীগঞ্জ, ঢাকা।<br><br>২. তিতাস এন্টারপ্রাইজ [৪০/২/বি নয়াপল্টন (২য় তলা), ঢাকা-১০০০। | পরিচালক (পেট্রোলিয়াম) |

১৫৮/১৭

আলোচ্য বিষয়: বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিদ্যুতের পাইকারী (বাল্ক) মূল্যহার পরিবর্তন এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদন সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, বিদ্যুতের পাইকারি (বাল্ক) ট্যারিফ পরিবর্তনের জন্য বিউবো ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে কমিশনে আবেদন দাখিল করেছে। উক্ত আবেদনে বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে তরল জ্বালানিতে উৎপাদিত বিদ্যুতের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সার্বিক উৎপাদন ব্যয় বৃদ্ধির প্রেক্ষাপটে বিদ্যুতের পাইকারি মূল্যহার বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। বিদ্যুতের খুচরা ট্যারিফ পরিবর্তনের জন্য বিউবো ০৭ মার্চ ২০১৭ তারিখে, ডেসকো ০৯ মার্চ ২০১৭ তারিখে এবং ডিপিডিসি, ওজোপাডিকো ও নওজোপাডিকো ১৩ মার্চ ২০১৭ এবং বাপবিবো ১৫ মার্চ ২০১৭ কমিশনে আবেদন দাখিল করেছে। বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের আবেদনে বিদ্যুতের খুচরা মূল্যহার বৃদ্ধির প্রস্তাবের কারণ হিসাবে নতুন পে-স্কেল বাস্তবায়নের কারণে জনবল খাতে খরচ বৃদ্ধি, নতুন সম্পদ যোগ হওয়ায় অবচয় বৃদ্ধি, ব্যাংক সুদের হার কমে যাওয়ায় সুদ বাবদ আয় হ্রাস, পূর্ববর্তী ট্যারিফের ঘাটতি সমন্বয়, ইত্যাদি কারণ উল্লেখ করা হয়েছে। বিউবো এর বাল্ক মূল্যহার পুনঃনির্ধারণের আবেদন এবং পরবর্তীতে প্রেরিত তথ্যাবলী/কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে সংশ্লিষ্ট ট্যারিফ প্রবিধানমালা মোতাবেক কমিশনের কারিগরি মূল্যায়ন কমিটি বিউবো এর বিদ্যুতের বাল্ক মূল্যহার পুনঃনির্ধারণের আবেদনপত্রটি এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীসমূহের খুচরা মূল্যহার পুনঃনির্ধারণের আবেদনপত্রসমূহ কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্রহণের সুপারিশ করে সার-সংক্ষেপ প্রতিবেদন দাখিল করেছে।

বিস্তারিত আলোচনাক্রমে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ ট্যারিফ (খুচরা) প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী বর্ণিত আবেদনসমূহের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:**

(ক) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ) প্রবিধানমালা, ২০০৮ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ ট্যারিফ (খুচরা) প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) বিদ্যুতের পাইকারি (বাল্ক) ও খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি), ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) ও নর্থ ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (নওজোপাডিকো) বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদন পরবর্তী কার্যক্রমের জন্য কমিশন কর্তৃক আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হয়;

(খ) বর্ণিত বিদ্যুৎ সংস্থা/কোম্পানীসমূহের বিদ্যুতের পাইকারি/খুচরা মূল্যহার পরিবর্তনের আবেদনের ওপর নিম্নেবর্ণিত স্থান ও সময়সূচি অনুযায়ী গণশুনানি অনুষ্ঠিত হবে:

| সংস্থা/কোম্পানীসমূহের নাম | গণশুনানির বিষয় | গণশুনানির তারিখ ও সময় | গণশুনানির স্থান |
|---|---|---|---|
| বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) | পাইকারি (বাল্ক) মূল্যহার পরিবর্তন | ২৫ সেপ্টেম্বর ২০১৭, সোমবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা | ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর অডিটোরিয়াম [ টিসিবি ভবন (২য় তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ ] |
| বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) | খুচরা মূল্যহার পরিবর্তন | ২৬ সেপ্টেম্বর ২০১৭, মঙ্গলবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা | |
| বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) | ঐ | ২৭ সেপ্টেম্বর ২০১৭, বুধবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা | |
| ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি) | ঐ | ২৮ সেপ্টেম্বর ২০১৭, বৃহস্পতিবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা | |
| ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) | ঐ | ০২ অক্টোবর ২০১৭, সোমবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা | |
| ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো) | ঐ | ০৩ অক্টোবর ২০১৭, মঙ্গলবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা | |
| নর্থ ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (নওজোপাডিকো) | ঐ | ০৪ অক্টোবর ২০১৭, বুধবার সকাল ১০:০০ টা - দুপুর ১:০০ টা | |

সচিব,
পরিচালক (বিদ্যুৎ),

পরিচালক (অর্থ ও হিসাব)

| | | |
|---|---|---|
| | (গ) গণশুনানির জন্য নির্ধারিত তারিখ এবং সময়ে টিসিবি এর অডিটরিয়াম ভাড়া নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(ঘ) গণশুনানির বিষয়ে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণকে নোটিশ প্রদান করতে হবে এবং এতদ্বিষয়ে কমপক্ষে ১টি বাংলা এবং ১টি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | |
| ১৫৭/১৮ | **আলোচ্য বিষয়:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্যানেল আইনজীবি নির্বাচনের শর্তাবলী ও সিডিউল অব ফিস প্রণয়ন সংক্রান্ত কমিটির প্রতিবেদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের প্যানেল আইনজীবী নিয়োগ/নির্বাচনের শর্তাবলী ও পদ্ধতি এবং সিডিউল অব ফিসের খসড়া পর্যালোচনা করে সুপারিশসহ প্রতিবেদন প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি প্রতিবেদন দাখিল করেছে।<br><br>কমিটি পেট্রোবাংলা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও দুর্নীতি দমন কমিশন কর্তৃক বর্তমানে অনুসৃত এতদসংক্রান্ত নিয়মাবলী ও ফিস পর্যালোচনা করে কমিশনের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ/নির্বাচনে শর্তাবলী ও পদ্ধতি এবং সিডিউল অব ফিস এর খসড়া প্রস্তুত করেছে। প্রস্তুতকৃত খসড়ার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা অনুযায়ী প্যানেল আইনজীবী নিয়োগ/নির্বাচনে শর্তাবলী ও পদ্ধতি এবং সিডিউল অব ফিস এর সংশোধিত খসড়া অনুমোদনের বিষয়ে একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত :** প্যানেল আইনজীবী নিয়োগ/নির্বাচনে শর্তাবলী ও পদ্ধতি এবং সিডিউল অব ফিস এর সংশোধিত খসড়া অনুমোদন করা হয় (পরিশিষ্ট-গ)। | সচিব |
| ১৫৮/১৯ | **আলোচ্য বিষয়:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর সংশোধনী চূড়ান্তকরণ সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ অনুযায়ী কমিশনে কর্মরত কর্মচারীরা বেতনভাতা ইত্যাদি প্রাপ্য। বিইআরসি আইন, ২০০৩ এর মাধ্যমে প্রতিষ্ঠিত কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা।<br>এ সংস্থায় কর্মকর্তা পদে নিয়োগ প্রাপ্তির জন্য আইন/কারিগরি/প্রকৌশলসহ বিশেষায়িত কিছু বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হয়। সীমিত পদোন্নতি এবং আবাসন সুবিধা বা অন্য কোন বিশেষ সুবিধা না থাকায় কমিশনের কর্মকর্তা-কর্মচারীগণ অধিক বেতন ভাতা বা সুযোগ-সুবিধা প্রদানকারী সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে চলে যাচ্ছে। তাই কমিশনের চাকুরীকে আকর্ষণীয় করে তোলার লক্ষ্যে কমিশনের বিদ্যমান কর্মচারী প্রবিধানমালা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়।<br><br>২৮ নভেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত ৫০তম কমিশন সভায় প্রবিধানমালায় কর্মচারীদের বিদ্যমান বেতনভাতা/সুযোগ-সুবিধা পর্যালোচনাপূর্বক এর প্রয়োজনীয় এবং সময় উপযোগী সংশোধন/সংযোজনের নিমিত্ত কমিশনের সচিবকে সভাপতি করে একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি ০৮ ফেব্রুয়ারী ২০১২ তারিখে প্রতিবেদন দাখিল। প্রতিবেদনে কমিশনে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণের জন্য সরকারী বেতন কাঠামো বলবত রাখাসহ কমিশনে নিয়মিত কর্মকর্তা-কর্মচারীগণের প্রাপ্য ভাতাদি কমিশন কর্তৃক নির্ধারণ এবং সহকারী পরিচালক হতে উপপরিচালক পদে পদোন্নতির সময়কাল ১০ বছর হতে কমিয়ে ৬ বছর করার সুপারিশ করা হয়।<br>প্রবিধানমালা সংশোধনের লক্ষ্যে ১১ এপ্রিল ২০১২ তারিখে ৫৭তম উন্মুক্ত সভা অনুষ্ঠিত। সভায় উপস্থিত প্রতিনিধিগণের মূল্যবান পরামর্শ বিবেচনায় এনে বর্ণিত প্রবিধানমালার সংশোধনী চূড়ান্ত করা হয়, যা ৩ সেপ্টেম্বর, ২০১২ তারিখে ৬৮ তম কমিশন সভায় আইন মন্ত্রণালয়ের ভেটিং গ্রহণের লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>একইসাথে তৎকালীন কমিশনের নির্দেশনা মোতাবেক গত ২৫ এপ্রিল ২০১২ তারিখে কমিশনের কর্মচারীদের বিশেষ আর্থিক সুবিধা যথা: মূল বেতনের ৪০% রেগুলেটরী ভাতা অথবা মূলবেতনের ২৫% রেগুলেটরী/বিশেষ/কারিগরি বেতন ও বছরে ২টি বিশেষ উৎসাহ বোনাস প্রদানের অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়। ১৯ জুলাই ২০১২ তারিখে এ প্রস্তাবে অর্থ মন্ত্রণালয়ের অসম্মতি জ্ঞাপন করে। | |

৬৮ তম কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৪ অক্টোবর, ২০১২ তারিখ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা ২০০৮ সংশোধনের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ভেটিং গ্রহণ পূর্বক সরকারী গেজেটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব বরাবর প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রেরণ করা হয়।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর কর্মকর্তা-কর্মচারীগণকে অতিরিক্ত ভাতা প্রদানের প্রস্তাবে ইতঃপূর্বে অর্থ মন্ত্রণালয় অসম্মতি জ্ঞাপন করায় পুনরায় এ ধরণের প্রস্তাব প্রেরণ করা যৌক্তিক হবে না মর্মে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে কমিশনকে জানিয়ে দেয়া হয়।

২ আগস্ট, ২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৫৬তম কমিশন সভায় কমিশনের কর্মকর্তা-কর্মচারীগণের রেগুলেটরী ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে বিদ্যমান বিইআরসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ সংশোধনে ইতঃপূর্বে প্রস্তুতকৃত খসড়া প্রবিধানমালাটি পরীক্ষাপূর্বক চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহিত হয়। সে মোতাবেক গত ২০ আগস্ট, ২০১৭ তারিখ কমিশনে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিশনে ইতঃপূর্বে প্রচলিত রেগুলেটরী ভাতা, বিটিআরসি'র ন্যায় বাড়ীভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, ঋণ সুবিধা সংযোজন এবং সহকারী পচিালক হতে উপপরিচালক পদে পদোন্নতির জন্য সময়কাল ১০ (দশ) বছরের পরিবর্তে ৬ (ছয়) বছর করে খসড়া সংশোধনী প্রস্তুত করা হয়েছে।

প্রস্তুতকৃত খসড়ার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর খসড়া সংশোধনী সরকারী গেজেটে প্রকাশের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের বিষয়ে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর খসড়া সংশোধনী সরকারী গেজেটে প্রকাশের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় (পরিশিষ্ট -ঘ)। — সচিব

১৫৮/২০

**আলোচ্য বিষয়:** আগামী ৩১ আগস্ট, ২০১৭ তারিখ অনুষ্ঠিতব্য Energy Regulatory Regime: Lessons for Bangladesh শীর্ষক আন্তর্জাতিক সেমিনার আয়োজনের নিমিত্ত প্রাক্কলিত বাজেট অনুমোদন সম্পর্কে।

**আলোচনা:** সভায় জানানো হয় যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের উদ্যোগে আগামী ৩১ আগস্ট ২০১৭ তারিখে সকাল ১০.৩০ টায় প্যানপ্যাসিফিক হোটেল সোনারগাঁও, ঢাকায় "Energy Regulatory Regime: Lessons for Bangladesh" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত সেমিনার আয়োজনের লক্ষে হল ভাড়া, সম্মানি, আপ্যায়ন ইত্যাদি বাবদ মোট ১২,৫৬,৫০০/- (বার লক্ষ ছাপান্ন হাজার পাঁচশত) টাকার প্রস্তাবিত বাজেট প্রণয়ন করা হয়েছে। প্রাক্কলিত বাজেট বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয়।

বর্ণিত প্রাক্কলিত বাজেট অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। প্রকৃত বিলের বিপরীতে যথাযথ নিয়মে সকল ব্যয় নির্বাহ করতে হবে মর্মেও সভায় অভিমত প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত :** ৩১ আগস্ট ২০১৭ তারিখ প্যান প্যাসিফিক হোটেল সোনারগাঁও, ঢাকায় অনুষ্ঠিতব্য "Energy Regulatory Regime: Lessons for Bangladesh" শীর্ষক আন্তর্জাতিক সেমিনার আয়োজনের জন্য নিম্নবর্ণিত মোট ১২,৫৬,৫০০/- (বার লক্ষ ছাপান্ন হাজার পাঁচশত) টাকার প্রাক্কলিত বাজেট অনুমোদন করা হয়: — সচিব

| বিবরণ | পরিমান | টাকা | সর্বমোট |
|---|---|---|---|
| ১। ফোল্ডার | ১৫০ টি | জনপ্রতি ১৫০/- | ২২,৫০০/- |
| ২। কার্ড ও খাম | ১৫০ টি | জনপ্রতি ১২০/- | ১৮,০০০/- |
| ৩। কলম | ২০০ টি | জনপ্রতি ২৫/- | ৫,০০০/- |
| ৪। প্যাড | ৩০০ টি | জনপ্রতি ৫০/- | ১৫,০০০/- |
| ৫। হল ভাড়া | | | ৮৫,০০০/- |
| ৬। ডেকোরেশন | | | ২০,০০০/- |
| ৭। স্টেশনারি | | | ৫,০০০/- |
| ৮। গাড়ীচালক ও অন্যান্যদের আপ্যায়ন | ৮০ জন | জনপ্রতি ৩০০ | ২৪,০০০/- |
| ৯। সম্মানি | | | |
| ক) অংশগ্রহণকারী | ১২০ জন | জনপ্রতি ১০০০/- | ১,২০,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| খ) আলোচক | ৯ জন | জনপ্রতি ৫০০০/- | ৪৫,০০০/- |
| গ) রেপোটিয়ার | ৫ জন | জনপ্রতি ২০০০/- | ১০,০০০/- |
| ঘ) ইমাম ও পুরোহিত | ২ জন | জনপ্রতি ২০০০/- | ৪,০০০/- |
| ঙ) উপস্থাপক | ১ জন | জনপ্রতি ২০০০/- | ২,০০০/- |
| ১০। আপ্যায়ন | ১২০ জন | জনপ্রতি ৩৭০০ | ৪,৪৪,০০০/- |
| ১১। স্ন্যাকস | ১২০ জন | জনপ্রতি ৭৫০/- | ৯০,০০০/- |
| ১২। বিমান ভাড়া | ১ জন | | ১,৩১,০০০/- |
| ১৩। হোটেল ভাড়া | ২ জন | প্রতিদিন ১৭,০০০/- | ৩৪,০০০/- |
| ১৪। বিদেশী মেহমানদের সম্মানি | ২ জন | জনপ্রতি ১২,৫০০/- | ২৫,০০০/- |
| ১৫। ২টি ডিনার | ৫০X২=১০০ জন | জনপ্রতি ৮৫০/- | ৮৫,০০০/- |
| ১৬। মাল্টি মিডিয়া ও মাইক্রোফোন | | | ৩৫,০০০/- |
| ১৭। প্রচার (সোস্যাল মিডিয়া) | | | ১৭,০০০/- |
| ১৮। বিবিধ | | | ২০,০০০/- |
| | | মোট (বার লক্ষ ছাপান্ন হাজার পাঁচশত) টাকা | ১২,৫৬,৫০০/- |

| | | |
|---|---|---|
| ১৫৮/২১ | **আলোচ্য বিষয়:** কমিশনের ঢাকা মেট্রো-খ:১২-৪৮৭২ (কার) গাড়ীটি অকেজো ঘোষণা করার লক্ষ্যে গঠিত কমিটির প্রতিবেদন সম্পর্কে।<br><br>**আলোচনা:** সভায় জানানো হয় যে, কমিশনের ঢাকা-মেট্রো-খ-১২-৪৮৭২ অকেজো ঘোষণা করার লক্ষ্যে ১৪৬তম কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক কমিশনের পরিচালক (অর্থ ও হিসাব) কে সভাপতি করে পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কমিশনের ঢাকা-মেট্রো-খ-১২-৪৮৭২ নং গাড়িটি অকেজো ঘোষণা করার সুপারিশ করছে এবং গাড়িটির সংরক্ষিত মুল্য =১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) নির্ধারণের সুপারিশ করছে।<br><br>সভায় কমিটির সুপারিশ অনুযায়ী গাড়ীটি অকেজো ঘোষণাপূর্বক দ্রুত বিক্রয় করার বিষয়ে একমত পোষণ করা হয়। কমিশনে কর্মরত প্রাধিকারপ্রাপ্ত সকল কর্মকর্তাগণের গাড়ী সুবিধা সচল রাখার নিমিত্ত যুগপৎভাবে একটি গাড়ী ক্রয়ের বিষয়েও একমত পোষণ করা হয়।<br><br>**সিদ্ধান্ত :**<br>(ক) কমিশনের ঢাকা-মেট্রো-খ-১২-৪৮৭২ নং (কার) গাড়িটি অকেজো করার প্রস্তাব অনুমোদন করা হয়;<br>(খ) প্রস্তাবনা অনুযায়ী গাড়িটির সংরক্ষিত মুল্য =১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা নির্ধারণ করা হয়; এবং<br>(গ) বর্ণিত গাড়ীটি দ্রুত বিক্রয়ের ব্যবস্থা এবং যুগপৎভাবে একটি নতুন গাড়ী ক্রয় করতে হবে। | সচিব |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৮/২০১৯
(মোঃ মিজানুর রহমান)
সদস্য

২৬/৮/১৯
(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

২৬/০৮/২০১৯
(মাহমুদউল হক ভূঁইয়া)
সদস্য

২৬/০৮/২০১৯
(রহমান মুরশেদ)
সদস্য

২৬/৮/১৯
(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

নং- বিইআরসি/কমিশন সভা/প্রশাঃ২৪৮/২০১৭/ ৪৬৭৪ তারিখ: ২৩ আগস্ট, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। পরিচালক (গ্যাস/পেট্রোলিয়াম/অর্থ ও হিসাব/বিদ্যুৎ), বিইআরসি, ঢাকা।
২। উপপরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
৪। উপপরিচালক (গ্যাস) ও আইসিটি সংক্রান্ত কমিটির সদস্য সচিব, বিইআরসি, ঢাকা (বিইআরসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), বিইআরসি, ঢাকা।
৬। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (মাননীয় সদস্যের সদয় অবগতির জন্য)।

২৩.০৮.১৭

(মুহঃ মাহবুবর রহমান)
সচিব
ফোনঃ ৯১৪০১২৫